

শীঘ্রই বাংলাদেশের রাস্তায় নামছে বিওয়াইডি সিল

- A Monitor Desk Report

Date: 10 July, 2024



ঢাকাঃ পৃথিবীকে আরও সবুজ করে তোলা ও নির্মল বায়ু নিশ্চিত নিজেদের ধারাবাহিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে বিওয়াইডি। এরই প্রতিফলন হিসেবে শিগগিরই বাংলাদেশের রাস্তায় নামবে নিউ এনার্জি ভেহিকেল (এনইভি) বিওয়াইডি সিল। বৈশ্বিকভাবে তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াস কমিয়ে আনার প্রত্যয়ে কাজ করছে বিওয়াইডি। আর তারই ধারাবাহিকতায়, দেশে বৈদ্যুতিক গাড়ির নতুন যুগের সূচনা করবে বিওয়াইডির স্পোর্টস সেডান বিওয়াইডি সিল।

এনইভি ও বৈদ্যুতিক ব্যাটারির ক্ষেত্রে বিশ্বের শীর্ষস্থানীয় উৎপাদক প্রতিষ্ঠান বিওয়াইডি গত ২ মার্চ বাংলাদেশে এর ফ্ল্যাগশিপ মডেলের গাড়ি বিওয়াইডি সিল উন্মোচন করে। দেশের গাড়িপ্রেমীরা এরপর থেকে আকর্ষণীয় এই সেডান গাড়িটির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন। অবশেষে সকল অপেক্ষার অবসান ঘটিয়ে অগ্রিম বুকিং করা গাড়িগুলো প্রথম ব্যাচের ক্রেতাদের হাতে তুলে দেওয়া হচ্ছে; গাড়িটি বাংলাদেশের সড়কে খুব শীঘ্রই দেখা যাবে।

এ বিষয়ে সিজি রানার বাংলাদেশ লিমিটেডের পরিচালক আমিদ সাকিফ খান বলেন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি উন্নত বিশ্ব নিশ্চিত করাই বিওয়াইডি'র প্রতিশ্রুতি; যেখানে বর্তমানে আমাদের লক্ষ্য বিশ্বের তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াস কমিয়ে আনা। এক্ষেত্রে আমাদের বিশ্বাস, বৈদ্যুতিক গাড়ির (ইভি) বহুল ব্যবহার এই লক্ষ্যপূরণে বেশ ভালোভাবেই কার্যকর হবে। বিওয়াইডি সিল নিয়ে আসার মাধ্যমে বাংলাদেশে এ ধরনের উদ্যোগ কেবল যাত্রা শুরু করলো; সামনে আরও বহুদূর যাওয়া বাকি।

বিওয়াইডি সিলে এর এক্স-আকৃতির সামনের অংশ, স্ট্রিমলাইনড ডাবল ইউ-আকৃতির লাইট ক্লাস্টার এবং প্যানোরামিক রুফসহ স্পোর্টিং ও অ্যারোডায়নামিক ওশান-ইন্সপায়ারড ডিজাইন এটিকে আরও আকর্ষণীয় করে তুলেছে।

